...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০১৪.২২-৫১ তারিখ: ২০ চৈত্র ১৪২৮
০৩ এপ্রিল ২০২২

বিষয়: **শেরপুর জেলার নকলা উপজেলাধীন কায়দা বালিকা দাখিল মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ২০.০৮.২০১৫ খ্রি. তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (মাদ্রাসা কর্তৃক প্রণীত ব্রডশীট জবাব এবং মাদ্রাসা অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত) উপর অনুসরণীয় নির্দেশনা।**

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৪৪.০০৩.২০-৯০; তারিখ: ০৬.০১.২০২২ খ্রি.
(২) জেলা শিক্ষা অফিসার, শেরপুর -এর স্মারক নং-৩৭.০২.৮৯০০.৩১৫.১৬.০১৯.১৭-২১১; তারিখ: ২৩.০৪.২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে শেরপুর জেলার নকলা উপজেলাধীন কায়দা বালিকা দাখিল মাদ্রাসাটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ২০.০৮.২০১৫ খ্রি. তারিখে পরিদর্শন ও নিরীক্ষা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের প্রেক্ষিতে ব্রডশিটে সুপারের জবাব ও জেলা শিক্ষা অফিসারের মতামতের উপর মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মন্তব্য পাওয়া গেছে। প্রাপ্ত ব্রডশীট জবাব পর্যালোচনা করে মহাপরিচালকের মন্তব্য অনুযায়ী টিএমইডি'র প্রস্তাব নিম্নে উপস্থাপন করা হলো:

বিএসআর ক্রমিক নং	ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র মন্তব্য	টিএমইডি'র নির্দেশনা
১	প্রশাসনিক মন্তব্য ও সুপারিশ:	--
১(গ)	স্বীকৃতি: প্রতিষ্ঠানটি ০১.০১.১৯৯০ তারিখ হতে দাখিল স্বীকৃতি লাভ করে। গত ৩১.১২.২০১৬ খ্রি. তারিখে মেয়াদ উত্তীর্ণ হয়েছে। স্বীকৃতির মেয়াদ নবায়ন করা হয়েছে কি না? সে সংক্রান্ত প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য সুপারকে নির্দেশনা প্রদান করা হলো।	নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
১(ঘ)	ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত তথ্য: বর্তমান কমিটির মেয়াদ ইতিমধ্যে শেষ (১৩.০৬.২০১৭ খ্রি. তারিখে) হয়েছে। পরবর্তী নিয়মিত ব্যবস্থাপনা কমিটির গঠন করা হয়েছে কিনা? সে সম্পর্কিত তথ্য-প্রমাণ টিএমইডিতে প্রেরণ করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো।	ঐ
২(খ)	গৃহকক্ষ সংক্রান্ত: প্রতিষ্ঠানটিতে ০৬টি ভবনে মোট ১৬টি কক্ষ রয়েছে। প্রয়োজনীয় গৃহ-কক্ষাদি রয়েছে। পানীয় জল এবং স্যানিটেশন ব্যবস্থা উন্নত ও স্বাস্থ্যসম্মত রাখতে হবে। এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটির দৃষ্টি আকর্ষণ করা হলো।	নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২(গ)	আসবাবপত্রসংক্রান্ত: বর্তমানে প্রতিষ্ঠানে ন্যূনতম প্রয়োজনীয় আসবাবপত্র রয়েছে। আরও আধুনিক আসবাবপত্র অবিলম্বে ক্রয় করতে হবে এবং প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ করতে হবে।	ঐ
৩(ক)	একাডেমিক মন্তব্য ও সুপারিশ: শিক্ষার্থী সংখ্যা ও মন্তব্য: বর্তমান শিক্ষাবর্ষে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থী সংখ্যা ৩১৯ জন। পরিদর্শনকালে ২৮৩ জন শিক্ষার্থী উপস্থিত ছিল। প্রতিষ্ঠানটিতে কাম্য শিক্ষার্থী আছে। শ্রেণি কক্ষে উপস্থিত শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে সকল শিক্ষককে প্রচেষ্টা চালাতে হবে।	ঐ
৩(খ)	শিক্ষার্থী ঝরে পড়ার তথ্য: ঝরে পড়ার কারণ চিহ্নিত ও ঝরে পড়া রোধে শিক্ষক-কমিটি কর্তৃক যথেষ্ট উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। এ সংক্রান্ত গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার সুপারকে নির্দেশনা দেয়া হলো।	নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
৩(গ-১)	একাডেমিক সংক্রান্ত তথ্য ও মন্তব্য: শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান পর্যবেক্ষণ করা হয়। একাডেমিক উন্নয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপারকে নির্দেশপূর্বক বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হলো। ১. শ্রেণি কক্ষে শিক্ষকদের পাঠদান প্রতিষ্ঠান কর্তৃক প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। (২) প্রতি বছরের শুরুতেই বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে এবং তদানুযায়ী শ্রেণি কক্ষে পাঠদান করতে হবে। নির্ধরিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। (৩) শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদের বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। (৪) প্রতি মাসে শিক্ষক সভা করতে হবে। লেখাপড়ার মান উন্নয়ন করার লক্ষ্যে শিক্ষক সভায় কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা ব্যবস্থা কমিটির সভায় পেশ করে বাস্তবায়ন করতে হবে। (৫) বিষয়কভিত্তিক শিক্ষক কর্তৃক প্রণিত প্রশ্ন পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানের অভ্যন্তরীন পরীক্ষা নিতে হবে। কোন মতেই ক্রয় করা প্রশ্ন পত্রের মাধ্যমে অভ্যন্তরীন পরীক্ষা নেওয়া যাবে না।	নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
৩(গ-২)	অভ্যন্তরীন পরীক্ষা ফলাফল: অভ্যন্তরীন পরীক্ষার ফলাফল সন্তোষজনক। অভ্যন্তরীন পরীক্ষার ফলাফল উন্নত করার জন্য সঠিক পাঠদান, সময় মত সিলেবাস সমাপ্তকরণ ও শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়নের প্রতি জোর তাগিদ দেওয়া হয়েছে এবং বিশেষ পাঠদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো।	ঐ
৩(গ-৩)	পাবলিক পরীক্ষা: পাবলিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক। পাবলিক পরীক্ষার ফলাফলের গুনগত ও সংখ্যাগত মান উন্নয়নের জন্য শিক্ষক অভিভাবক ও শিক্ষার্থীকে প্রচেষ্টা চালাতে হবে।	ঐ
৩(ঘ-১)	পাঠাগার সংক্রান্ত তথ্য ও মন্তব্য: পৃথক পাঠকক্ষের ব্যবস্থা নেই। পৃথক পাঠকক্ষের ব্যবস্থা করার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থানের চেষ্টা করা হয়েছে মর্মে জানানো হয়েছে। এ বিষয়ে গৃহীত পদক্ষেপের প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো।	ঐ
৩(ঘ-২)	পাঠাগারে বইয়ের সংখ্যা ১৬৮৫। শিক্ষা ও বিনোদনমূলক বইয়ের সম্ভার বৃদ্ধিসহ ২০০০টি বইয়ে উন্নীত করতে হবে।	ঐ
৩(ঙ)	বৈজ্ঞানিক যন্ত্রপাতি সংক্রান্ত তথ্য: প্রতিষ্ঠানটিতে পৃথক বিজ্ঞানাগার প্রতিষ্ঠা করা হয়নি। বিজ্ঞান বিভাগ চালুপূর্বক সরকারি সহযোগিতায় বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংগ্রহ করতে হবে। নিয়মিতভাবে ব্যবহারিক ক্লাস নিতে হবে।	ঐ

৩(চ)	সহপাঠ কার্যক্রম: মাদ্রাসা পরিচালনা কমিটির সিদ্ধান্ত ও অনুমোদনক্রমে জাতীয় গুরুত্বপূর্ণ বিষয় ও বিভিন্ন জাতীয় দিবস যথাযথ মর্যাদায় পালন করা হচ্ছে এবং এ প্রচেষ্টা অব্যাহত থাকবে মর্মে অঙ্গীকার করা হয়েছে। পরিস্কার পরিছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কৃইজ, বিতর্ক, ক্রীড়াম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ করাসহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে।	ঐ
৪(ক-১)	আর্থিক মন্তব্য ও সুপারিশঃ আয়-ব্যয় সংক্রান্ত তথ্য: প্রতি বছর আয় ও ব্যয়ের উপর ভিত্তি করে বার্ষিক বাজেট প্রণয়ন করা হয়। সমস্ত আয় ব্যাংকে জমা করা হয়। পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী ব্যাংক থেকে অর্থ উত্তোলনপূর্বক ব্যয়ের কার্যক্রম পরিচালনা করা হয়। নৈমিত্তিক খরচের প্রয়োজনের অতিরিক্ত মোটা অংকের টাকা হাতে রাখা হয় না।	নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
৪(ক-২)	ভর্তি ফিস, বেতন, ফরম পূরণসহ বেসরকারি আয় ও আদায়কৃত অর্থ যথাযথভাবে আদায় করে তা যথাসময়ে ব্যাংকে জমা প্রদান করতে হবে। ব্যাংক হতে উত্তোলনের মাধ্যমে সকল ব্যয় নির্বাহ করতে হবে।	নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো।
৪(ক-৪)	প্রযোজ্য সকল ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করতে হবে।	নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
৪(ক-৫)	আসবাবপত্র তৈরি ও নির্মাণ সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে নির্দিষ্ট হারে ভ্যাট কর্তন করতে হবে।	ঐ
৪(খ)৩	ভবিষ্য তহবিল: ভবিষ্য তহবিল চালু নেই। শিক্ষক-কর্মচারীদের নামে পৃথক ব্যাংক হিসাব নম্বরে ভবিষ্যৎ তহবিল চালু করার জন্য নির্দেশ দেয়া যেতে পারে এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য সুপারকে নির্দেশনা দেয়া হলো।	নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
৫ (ক).	বিবিধ: মহিলা কোটা: প্রতিষ্ঠানটিতে বর্তমানে ১৫ জন শিক্ষকের মধ্যে ০৫ জন মহিলা শিক্ষক কর্মরত আছে। মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক মহিলা কোটা পূরণ আছে। ভবিষ্যতেও নিয়োগের ক্ষেত্রেও ২০% প্রাপ্যতা অনুযায়ী মহিলা কোটা পূরণ করতে হবে।	নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো।
৫(খ)	মামলা: প্রতিষ্ঠানের মামলা সংক্রান্ত বিষয়ে প্রতিষ্ঠান প্রধান জানান যে, পদত্যাগী সহকারী মৌলভী জনাব মুহাম্মদ আব্দুল হান্নান তাঁর পদত্যাগজনিত পদ শূন্য পূরণ না করার জন্য চিরস্থায়ী নিষেধাজ্ঞার দাবীতে শেরপুর জেলার নকলা সহকারী জজা আদালতে ৮৪/১৫-নং মামলা দায়ের করেন। পরবর্তীতে গত ২৩.০৮.২০১৬ খ্রি. তারিখে মাননীয় যুগ্মজেলা জজ ১ম আদালত, শেরপুর থেকে না মঞ্জুরের আদেশ হয়েছে।	মামলা না মঞ্জুরের প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৫(ঘ)	শিক্ষানীতির বাস্তবায়ণ: ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়তে শিক্ষার ভূমিকা অনস্বীকার্য। আধুনিক ও বাস্তবসম্মত বিজ্ঞান ও কারিগরি শিক্ষা লাভের জন্য প্রণীত শিক্ষানীতির সফল বাস্তবায়নে শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীসহ সবাইকে আরো যত্নবান হতে হবে।	নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান সংক্রান্ত নির্দেশনাসমূহ মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন/প্রতিপালন করে প্রমাণকসহ BSR আগামী ১০.০৪.২০২২ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে (মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে) প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো; এবং

০৩. একই সাথে ব্রডশীট জবাবের অনুচ্ছেদ-১ এর ক্রমিক ১-(ক), (খ), (ঙ), (চ), (ছ), (জ), (ঝ-১), (ঞ-১), (ঞ-২), (ট), (ঠ), (ড), (ঢ), ২(ক), ৪(ক-৩), ৪(ক-৬), ৪(ক-৭), ৪(ক-৮), ৪(খ-১), ৪(খ-২) এবং ৫(গ), ৬ বিষয়ে কোন আপত্তি না থাকায় আপত্তিসমূহ নিষ্পত্তি করা হলো।

৩-৪-২০২২
মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০১৪.২২-৫১/১(৭)

তারিখ: ২০ চৈত্র ১৪২৮
০৩ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২) সিষ্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
৩) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা-১০০০।
৪) যুগ্মসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) উপসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) সুপার/ব্যবস্থাপনা কমিটি, কায়দা বালিকা দাখিল মাদ্রাসা, নকলা, শেরপুর।
৭) অফিস, কপি।

৩-৪-২০২২
মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব